

## ■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ২৪৪২

২৩/ বাণিজ্য ও উপার্জন

পরিচ্ছেদঃ খণ্ড দেওয়া, পরিশোধ নেওয়া, পাওনাদারের পাওনা আদায়

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَالَ: (إِنْ رَجُلًا لَمْ يَعْمَلْ خَيْرًا قَطُّ، وَكَانَ يُدَافِئُ النَّاسَ، فَيَقُولُ لِرَسُولِهِ: خُذْ مَا تَيَسَّرَ، وَاتْرُكْ مَا عَسْرَ، وَتَجَاوِزْ لَعْلَ اللَّهَ تَعَالَى أَنْ يَتَجَاوِزَ عَنَّا، فَلَمَّا هَلَكَ قَالَ اللَّهُ عَزَّ وَجَلَ لَهُ: هَلْ عَمِلْتَ خَيْرًا قَطُّ؟ قَالَ: لَا، إِلَّا أَنَّهُ كَانَ لِي غُلَامٌ وَكُنْتُ أُدَافِئُ النَّاسَ، فَإِذَا بَعَثْتُهُ لِيَتَقَاضِي، قُلْتُ لَهُ: خُذْ مَا تَيَسَّرَ، وَاتْرُكْ مَا عَسْرَ، وَتَجَاوِزْ لَعْلَ اللَّهَ يَتَجَاوِزُ عَنَّا، قَالَ اللَّهُ تَعَالَى: قَدْ تَجَاوِزْتُ عَنْكَ

বাংলা

(২৪৪২) আবু হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, এক ব্যক্তি কোন দিন কোন নেক আমল করেনি। তবে সে লোককে খণ্ড দান করত এবং নিজের তহসীলদার দৃতকে বলত, 'সামর্থ্যবান ব্যক্তির নিকট থেকে আদায় কর, অসামর্থ্যবান ব্যক্তিকে অবকাশ দাও এবং মাফ করে দাও। সম্ভবতঃ আল্লাহ আমাদেরকে মাফ করে দেবেন।' অতঃপর লোকটি যখন মারা গেল, তখন আল্লাহ তাকে বললেন, 'তুমি কি কোন দিন কোন ভাল কাজ করেছ?' লোকটি বলল, 'না। তবে আমার একজন (তহসীলদার) কিশোর ছিল। আমি মানুষকে খণ্ড দান করতাম। আর আমি যখন তাকে সেই খণ্ড আদায় করতে পাঠাতাম, তখন বলতাম, 'সামর্থ্যবান ব্যক্তির নিকট থেকে আদায় কর, অসামর্থ্যবান ব্যক্তিকে অবকাশ দাও এবং মাফ করে দাও। সম্ভবতঃ আল্লাহ আমাদেরকে মাফ করে দেবেন।' আল্লাহ বললেন, 'আমিও তোমাকে মাফ করে দিলাম।'

ফুটনোট

(আহমাদ ৮৭১৫, নাসাই ৪৬৯৪, ইবনে হিব্রান ৫০৪৩, হাকেম ২২২৩, সহীলুল জামে' ২০৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=66190>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন